

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২০, ২০১৭

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/১৯ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৮৮-আইন/২০১৭।—বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা আইন, ২০০২ (২০০২ সনের ২৭ নং আইন) এর ধারা ১৫ তে প্রদত্ত ক্ষমতাবলে পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা প্রবিধানমালা, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উক্ত প্রবিধানমালার—

- (ক) প্রস্তাবনার তৃতীয় লাইনের “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড পরিচালনা” শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) প্রবিধান ৮ এর “৪%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৬%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;
- (গ) প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (১) এ বর্ণিত “৪%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৬%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং
- (ঘ) শেষাংশে বর্ণিত “বোর্ড পরিচালনা পরিষদের আদেশক্রমে” শব্দগুলির পরিবর্তে “পরিষদের আদেশক্রমে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

পরিষদের আদেশক্রমে

মোঃ সোহরাব হোসাইন  
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৭৯৯)

মূল্য : টাকা ৪.০০